গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(রাজস্ব শাখা)।
www.dckushtia.gov.bd

# বিবিধ সায়রাত মহাল ইজারা বিজ্ঞপ্তি

কুষ্টিয়া জেলার ১১ টি বিবিধ সায়রাত মহাল বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে দরপত্রের মাধ্যমে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী দরদাতাদের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া, পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া ও জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত মূল্যের বিবিধ সায়রাত মহালের জন্য নগদ ৫০০/- টাকা এবং তদূর্ধ্ব মূল্যমানের বিবিধ সায়রাত মহালের জন্য ১০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র ক্রয় করা যাবে। দরপত্রের সাথে দরপত্রে উদ্ধৃত দরের ২০% জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, কুষ্টিয়ার অনুকূলে দাখিল করতে হবে। নিম্নবর্ণিত তারিখ দুপুর ০১:০০ টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয় কুষ্টিয়া, পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া এবং কুষ্টিয়া জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করা যাবে এবং ধার্য তারিখ বেলা ০৩:০০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্রের অন্যান্য শর্তাবলী দরপত্র ফরমের সাথে সংযুক্ত থাকবে। প্রয়োজনীয় তথ্যাদি জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া এর রাজস্ব শাখা হতে জানা যাবে।

| ক্রমিক নং | উপজেলার নাম | বিবিধ সায়রাত মহালের নাম | সরকারি ইজারা মূল্য | দরপত্র ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলা ও বাছাইয়ের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | মিরপুর | জুগিয়া-তালবাড়ীয়া ধুলট মহাল | ১০,২৪,৭৪,২৬১/- | ১ম পর্যায়<br>২৩.০২.২০২৫<br>হতে<br>০৫.০৩.২০২৫ | ১ম পর্যায়<br>০৬.০৩.২০২৫<br>সকাল ৯.০০ টা<br>হতে<br>দুপুর ১.০০ টা<br>পর্যন্ত। | ১ম পর্যায়<br>০৬.৩.২০২৫<br>বিকাল ৩.০০ টা |
| ২ | কুষ্টিয়া সদর | কুষ্টিয়া পানশী ঘাট | ৪,৫৯,৯০০/- | | | |
| ৩ | কুমারখালী | কয়া ব্রীজ হতে এনায়েতপুর ও পান্থপাড়া গড়াই নদীর তীরের আড়ৎ মহাল। | ১,৫৪,৩৪৪/- | | | |
| ৪ | =ঐ= | শিলাইদহ ইউনিয়নের পদ্মা নদীর তীরের কসবা ধুলট মহাল। | ৬৮,৯০,১০০/- | | | |
| ৫ | =ঐ= | খোর্দ্দভালুকা জমিদারী কাচারী সংলগ্ন কাঁঠাল ও নারিকেল বাগান। | ১১,০২৫/- | | | |
| ৬ | =ঐ= | শিলাইদহ তহশীল সংলগ্ন আম ও কাঁঠাল বাগান। | ১২০৮/- | ২য় পর্যায়<br>১৬.০৩.২০২৫<br>হতে<br>২৩.০৩.২০২৫ | ২য় পর্যায়<br>২৪.০৩.২০২৫<br>সকাল ৯.০০ টা<br>হতে<br>দুপুর ১.০০ টা<br>পর্যন্ত। | ২য় পর্যায়<br>২৪.০৩.২০২৫<br>বিকাল ৩.০০ টা |
| ৭ | ভেড়ামারা | রায়টা রেল লাইনের পশ্চিম পদ্মার তড়িয়া মহাল। | ১,১৭,৭৭৬/- | | | |
| ৮ | =ঐ= | পশ্চিম বাহির চর ও চররূপপুর মৌজার তড়িয়া মহাল। | ২,৯৫,০৫,০০০/- | | | |
| ৯ | ভেড়ামারা | চরগোলাপনগর ও গোলাপনগর আরাজীসাড়া তড়িয়া মহাল। | ১০,৩৪,২৫০/- | | | |
| ১০ | =ঐ= | ভেড়ামারা উপজেলার ফয়জুল্লাপুর মৌজার পদ্মা নদীর তড়িয়া মহাল। | ৭৯,৮০,৯৮৫/- | | | |
| ১১ | দৌলতপুর | গরুড়া খড় মাঠ | ১,৫৬,৮৮০/- | ৩য় পর্যায়<br>২৫.০৩.২০২৫<br>হতে<br>০৬.০৪.২০২৫ | ৩য় পর্যায়<br>০৬.০৪.২০২৫<br>সকাল ৯.০০ টা<br>হতে<br>দুপুর ১.০০ টা<br>পর্যন্ত। | ৩য় পর্যায়<br>০৭.০৪.২০২৫<br>বিকাল ৩.০০ টা |

উপর্যুক্ত বিবিধ সায়রাত মহালের ইজারার শর্তাবলী ও বিস্তারিত তথ্যাদি বিজ্ঞপ্তি প্রকাশের পর যে কোন দিন অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা হতে জানা যাবে। বিবিধ সায়রাত মহাল ইজারা জেলা বিবিধ সায়রাত মহাল ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনের পর চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে ইজারার অর্থ জমা নেওয়া হবে।

২৬/০২/২৫

মোঃ তৌফিকুর রহমান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ও বিবিধ সায়রাত মহাল ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া।
☎০২৪৭৭৭৮২৩০০
✉ dckushtia@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৪.৫০০০.০০৫.০৩.০৫৩.২৫- ২৪৪

তারিখ : ০৩ মাঘ ১৪৩১
১৬ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ৯৮,শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, .......................... ।
০৫। পুলিশ সুপার, কুষ্টিয়া ।
০৬। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, খুলনা।
০৭। মেয়র, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া।
০৯। জেলা মৎস্য কর্মকর্তা/সমবায় কর্মকর্তা, কুষ্টিয়া।
১০। নির্বাহী প্রকৌশলী, গণপুর্ত বিভাগ/এল জি ই ডি/পানি উন্নয়ন বোর্ড/সড়ক ও জনপথ বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশলী, কুষ্টিয়া
১১। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর/দৌলতপুর/ভেড়ামারা/মিরপুর/কুমারখালী/খোকসা, কুষ্টিয়া ।
১২। সহকারী কমিশনার(ভূমি), কুষ্টিয়া সদর/দৌলতপুর/ভেড়ামারা/মিরপুর/কুমারখালী/খোকসা, কুষ্টিয়া
১৩। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া।
১৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,কুষ্টিয়া-[অত্র ইজারা বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
১৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুষ্টিয়া-[অত্র ইজারা বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ---------------- পৌর/ ইউনিয়ন ভূমি অফিস-------------- কুষ্টিয়া।
১৮। সম্পাদক, -----------------------------(------------------ খ্রি. তারিখে) স্বল্প পরিসরে (৩ কলামে X ১৩´´) বিবিধ সায়রাত মহাল দরপত্র বিজ্ঞপ্তি ০১(এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো
১৯। নোটিশ বোর্ড।

১৬/০২/২৫

মুমতাহিনা পৃথুলা
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য-সচিব
জেলা জলমহাল ও বিবিধ সায়রাত মহাল ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া।
ফোন ঃ ০২৪৭৭৭৮২৬৭৭

## বিবিধ সায়রাত মহাল ইজারার আবেদনের শর্তাবলী :

০১। দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, কুষ্টিয়া, পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া এবং সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পাওয়া যাবে।

০২। ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত বিবিধ সায়রাত মহালের জন্য নগদ ৫০০/- টাকা এবং তদূর্ধ্বের মূল্যমানের সায়রাত মহালের জন্য ১০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র শিডিউল ক্রয় করা যাবে।

০৩। দরপত্রের সাথে উদ্ধৃত দরের ২০% হারে কুষ্টিয়া জেলার যে কোন তপশীলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, কুষ্টিয়া এর অনুকূলে জমা দিতে হবে।

০৪। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র বিক্রি করা হবে না।

০৫। নির্ধারিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া-এর এস.এ শাখা, পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া এবং সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে।

০৬। ঘষামাজা ও ত্রুটিপূর্ণ কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০৭। বিবিধ সায়রাত মহাল ইজারার সিদ্ধান্ত হওয়ার পর ইজারা গ্রহীতা কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ (ভ্যাট, আয়কর এবং সরকার নির্ধারিত অন্যান্য করসহ) সরকারের অনুকূলে জমা প্রদান করতে হবে এবং তা বাংলা ১৪৩২ সালের ০১ বৈশাখ হতে বাংলা ১৪৩২ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত সময় বলবৎ থাকবে।

০৮। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত সরকারি বিধি-বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

০৯। বিবিধ সায়রাত মহাল ইজারা সংক্রান্ত জেলা কমিটি, কুষ্টিয়া প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক বিবিধ সায়রাত মহাল ইজারা সম্পর্কে অভিজ্ঞতা ও যোগ্যতা বিবেচনা করে উপযুক্ত আবেদনকারীর অনুকূলে নির্ধারিত মূল্যে ইজারা বন্দোবস্ত প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

১০। জেলা জলমহাল ও বিবিধ সায়রাত মহাল ব্যবস্থাপনা সংক্রান্ত জেলা কমিটি ইজারা সংক্রান্ত বিষয় চূড়ান্ত করে ইজারা বন্দোবস্ত দিবেন এবং ইজারাগ্রহিতাকে কর্তৃপক্ষের সঙ্গে লিজ চুক্তি সম্পাদন করতে হবে।

১১। ইজারাগ্রহীতাকে ইজারা মূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট জমা প্রদান করতে হবে।

১২। ইজারাদার কোন অবস্থাতেই বিবিধ সায়রাত মহালের কোন অংশ সাব-লিজ দিতে পারবে না। সাব-লিজ প্রদান করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩। আবেদনপত্র দাখিলের পূর্বে বিবিধ সায়রাত মহালটি সরেজমিন দেখে আবেদন দাখিল করতে হবে। পরে আপত্তি উত্থাপন করলে তা বিবেচনায় নেয়া হবে না।

১৪। কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং সর্বোচ্চ দর প্রদত্ত আবেদনপত্র রিজার্ভ রেখে দরপত্র পুনরায় আহবান করতে পারবে।

১৫। কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে সরকারি পাওনা পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৬। ইজারার অর্থ পরিশোধের পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা গ্রহীতা চুক্তিপত্র সম্পাদন করবেন। অত:পর বিবিধ সায়রাত মহালের দখল বুঝিয়ে দেওয়া হবে।

১৭। সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারীর মাধ্যমে তাদের মধ্যে হতে একজনকে নির্বাচন করে বিবিধ সায়রাত মহাল ইজারা প্রদান করা হবে।

১৮। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় অত্র কার্যক্রমের যে কোন পর্যায়ে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণসহ ইজারা বন্দোবস্তের আবেদন মঞ্জুর/না-মঞ্জুর/বাতিলের সুপারিশ/সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জেলা জলমহাল ও বিবিধ সায়রাত মহাল ব্যবস্থাপনা কমিটি সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

২০/০২/২৫

মুমতাহিনা পৃথুলা
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য-সচিব
জেলা জলমহাল ও বিবিধ সায়রাত মহাল ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া।
ফোন ঃ ০২৪৭৭৭৮২৬৭৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।
(রাজস্ব শাখা)
www.dckushtia.gov.bd

# বালুমহাল ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন-২০১০ ও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা-২০১১ এবং জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির ০৯/০২/২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক কুষ্টিয়া জেলার নিম্নলিখিত বালুমহালগুলো ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্ন তপশিল বর্নিত বালুমহালগুলো বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত দরপত্রে উল্লিখিত শর্ত সাপেক্ষে কেবলমাত্র অনুমোদিত তালিকাভূক্ত ইজারাদারগণ জেলা প্রশাসক, কুষ্টিয়া বরাবর ১,০০০/-(এক হাজার) টাকা (অফেরতযোগ্য) মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিয়ে জেলা প্রশাসক, কুষ্টিয়া কার্যালয়ের রাজস্ব শাখা, পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া এবং এ জেলাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে অফিস চলাকালীন দরপত্র ফরম ক্রয় করা যাবে। দরপত্রের অন্যান্য শর্তাবলী দরপত্র ফরমের সাথে সংযুক্ত থাকবে।

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বালুমহালের নাম</th><th>উপজেলার নাম, মৌজার নাম ও জমির পরিমাণ</th><th>সরকারী মূল্য (১৪৩২ বঙ্গাব্দের জন্য)</th><th>দরপত্র ক্রয়ের তারিখ ও সময়</th><th>দরপত্র দাখিলের তারিখ ও সময়</th><th>দরপত্র খোলা ও বাছাইয়ের তারিখ ও সময়</th></tr>
<tr><td>১</td><td>বহলাগোবিন্দপুর ও চাপড়া মৌজার বালুমহাল</td><td>উপজেলা- কুমারখালী<br>মৌজার নাম - বহলাগোবিন্দপুর ও চাপড়া<br>জমির পরিমাণ- ১৪০.৪৭ একর</td><td>৪০,৪৮,০০০/-</td><td rowspan="4">১ম পর্যায়<br>২৩.০২.২০২৫<br>হতে<br>০৫.০৩.২০২৫<br><br>২য় পর্যায়<br>১৬.০৩.২০২৫<br>হতে<br>২৩.০৩.২০২৫<br><br>৩য় পর্যায়<br>২৫.০৩.২০২৫<br>হতে<br>০৬.০৪.২০২৫</td><td rowspan="4">১ম পর্যায়<br>০৬.০৩.২০২৫<br>সকাল ৯.০০ টা<br>হতে<br>দুপুর ১.০০ টা<br>পর্যন্ত।<br><br>২য় পর্যায়<br>২৪.০৩.২০২৫<br>সকাল ৯.০০ টা<br>হতে<br>দুপুর ১.০০ টা<br>পর্যন্ত।<br><br>৩য় পর্যায়<br>০৬.০৪.২০২৫<br>সকাল ৯.০০ টা<br>হতে<br>দুপুর ১.০০ টা<br>পর্যন্ত।</td><td rowspan="4">১ম পর্যায়<br>০৬.৩.২০২৫<br>বিকাল ৩.০০ টা<br><br>২য় পর্যায়<br>২৪.০৩.২০২৫<br>বিকাল ৩.০০ টা<br><br>৩য় পর্যায়<br>০৭.০৪.২০২৫<br>বিকাল ৩.০০ টা</td></tr>
<tr><td>২</td><td>উত্তর মুলগ্রাম,হিজলাকর, এনায়েতপুর ও গোবিন্দপুর মৌজার বালুমহাল</td><td>উপজেলা-কুমারখালী<br>মৌজার নাম- উত্তর মূলগ্রাম, হিজলাকর, এনায়েতপুর, গোবিন্দপুর<br>জমির পরিমাণ ৪০.৯৫ একর</td><td>১,৭৫,৮২,৬৯৪/-</td></tr>
<tr><td>৩</td><td>ভবানীপুর বালুমহাল (কোমরভোগ ও গনেশপুর)</td><td>উপজেলার - খোকসা<br>মৌজার নাম- ভবানীপুর ও গনেশপুর<br>জমির পরিমাণ - ৫৭.২৯ একর ।</td><td>৪৩,৩৪,৩৩০/-</td></tr>
<tr><td>৪</td><td>চাঁদট মৌজার বালুমহাল</td><td>উপজেলার - খোকসা<br>মৌজার নাম- চাঁদট<br>জমির পরিমাণ- ৩৫.০১ একর।</td><td>৮৭,৮৩,৮৬৭/-</td></tr>
</table>

উক্ত বালুমহাল ইজারা সম্পর্কিত বিস্তারিত তথ্য এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন জানা যাবে। বালুমহাল ইজারা সংক্রান্ত জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে ইজারার অর্থ জমা নেওয়া হবে।

২৩/০২/২৫
মোঃ তৌফিকুর রহমান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া।
ফোন নং-০২৪৭৭৭৮২৩০০
dckushtia@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(রাজস্ব শাখা)
Website:www.dckushtia.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫০০০.০০৫.৫৫.০০৪.২৫- ২৪৫

তারিখ ঃ ৬০ মাঘ ১৪৩১
১৬ ফেব্রুয়ারি ২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ,খুলনা।
০৬। যুগ্ম সচিব(আইন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। মহাপরিচালক,পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৮। মহাপরিচালক, ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর( জিএসবি), সেগুনবাগিচা, ঢাকা।
০৯। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড,ওয়াপদা ভবন,ঢাকা।
১০। প্রধান বন সংরক্ষক, বাংলাদেশ বন বিভাগ, মহাখালী, ঢাকা।
১১। পুলিশ সুপার, কুষ্টিয়া
১২। মেয়র, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া
১৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/( শিক্ষা ও আইসিটি)/উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া।
১৬। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ গণপূর্ত বিভাগ, কুষ্টিয়া।
১৫। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর/দৌলতপুর/ভেড়ামারা/মিরপুর/কুমারখালী/খোকসা, কুষ্টিয়া ।
১৬। সহকারী কমিশনার (ভূমি), কুষ্টিয়া সদর/দৌলতপুর/ ভেড়ামারা/মিরপুর/ কুমারখালী/খোকসা, কুষ্টিয়া ।
১৭। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, খুলনা।
১৮। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া।
১৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,কুষ্টিয়া-[অত্র ইজারা বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
২০। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুষ্টিয়া- [অত্র ইজারা বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
২১। সম্পাদক, ............................................................ তাঁকে স্বল্প পরিসরে (৪ কলামে X ১০") বালুমহাল দরপত্র বিজ্ঞপ্তি ০১ (এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হ'ল।
২২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ----------------------------- ।
২৩। নোটিশ বোর্ড।

১৬/০২/২৫

মুমতাহিনা পৃথুলা
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া।
ফোন ঃ ০২৪৭৭৭৮২৬৭৭

# বালুমহাল ইজারার আবেদনের শর্তাবলী ঃ

০১। দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া এর রাজস্ব শাখা, পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া এবং সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুষ্টিয়ায় পাওয়া যাবে।

০২। বালুমহালের ইজারা অনুমোদনের তারিখ হতে বাংলা ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত ইজারার মেয়াদ কার্যকর থাকবে।

০৩। আবেদন পত্রের সাথে ১০০০/-(এক হাজার) টাকা মূল্যের (অফেরতযোগ্য) আবেদন ফি কুষ্টিয়া জেলার যে কোন তপশীলভূক্ত ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, কুষ্টিয়া এর অনুকূলে জমা প্রদান করতে হবে।

০৪। দরপত্রের সাথে জামানত হিসেবে উদ্ধৃত দরের ২৫% হারে কুষ্টিয়া জেলার যে কোন তফশীল ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, কুষ্টিয়া এর অনুকূলে জমা দিতে হবে।

০৫। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র বিক্রি ও গ্রহণ করা হবে না।

০৬। নির্ধারিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়,কুষ্টিয়া এর রাজস্ব শাখা, পুলিশ সুপারের কার্যালয় এবং সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা প্রদান করা যাবে।

০৭। কোন ঘসামাজা, কাটাকাটি ও ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। বালুমহাল ইজারার সিদ্ধান্ত হওয়ার পর ইজারা গ্রহীতাকে কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ (ভ্যাট, আয়কর এবং সরকার নির্ধারিত অন্যান্য করসহ) সরকারের অনুকূলে জমা প্রদান করতে হবে। উক্তরুপ ব্যর্থতায় জামানত বাজেয়াপ্ত করা হবে।

০৯। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত সরকারি বিধি বিধানসমূহ ইজারাগ্রহীতাকে মেনে চলতে হবে।

১০। ইজারা গ্রহীতাকে ইজারা মূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট জমা প্রদান করতে হবে।

১১। ইজারাদার কোন অবস্থাতেই বালুমহালের কোন অংশ সাব-লিজ দিতে পারবেন না। সাব-লিজ প্রদান করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২। দরপত্র দাখিলের পূর্বে আগ্রহী ইজারাগ্রহীতাকে বালুমহালটি সরেজমিন দেখে দরপত্র দাখিল করতে হবে। পরে আপত্তি উত্থাপন করলে তা বিবেচনায় নেয়া হবে না।

১৩। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং প্রযোজ্য ক্ষেত্রে সর্বোচ্চ দর প্রদানকৃত দরপত্র রিজার্ভ রেখে পুনরায় দরপত্র আহবান করতে পারবে।

১৪। জেলা প্রশাসকের কার্যালয়,কুষ্টিয়া কর্তৃক যে সকল ব্যক্তি ইজারা দরপত্রে অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত/ লাইসেন্স প্রাপ্ত হয়েছেন এবং লাইসেন্স নবায়ন করেছেন, শুধু উক্ত ব্যক্তিগণই ইজারায় অংশগ্রহণ করতে পারবেন।

১৫। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সরকারি পাওনা পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৬। ইজারার অর্থ পরিশোধের পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাগ্রহীতা চুক্তিপত্র সম্পাদন করবেন। চুক্তিপত্র সম্পাদন সাপেক্ষে পরবর্তীতে বালুমহালের দখল বুঝিয়ে দেওয়া হবে।

১৭। সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারির মাধ্যমে তাদের মধ্যে থেকে একজনকে নির্বাচন করে বালুমহাল ইজারা প্রদান করা হবে।

১৮। ইজারা দরপত্রের সাথে ইজারায় অংশগ্রহণের তালিকাভুক্তির সনদপত্র সংযুক্ত করতে হবে।

১৯। হাইড্রোগ্রাফিক চার্টের অন্তর্ভুক্ত বা নদীর মধ্য হতে ড্রেজিংয়ের মাধ্যমে কোন অবস্থাতেই বালু উত্তোলন করা যাবে না।

২০। ইজারাকৃত বালুমহালগুলো হাউড্রোগ্রাফিক চার্টের আওতামুক্ত থাকবে।

২১। ইজারা তালিকাভুক্ত বালুমহাল সংক্রান্তে আদালত থেকে কোন নির্দেশনা পাওয়া গেলে সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২। ১৪৩২ বঙ্গাব্দের ৩০ চৈত্র ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট বালুমহালের উপর ইজারা গ্রহিতার দখল ও সকল প্রকার অধিকার বিলুপ্ত হবে। বালুমহালের উপর ইজারা গ্রহিতার কোন প্রকার দাবি/ অধিকার স্বত্ব থাকবে না এবং পরবর্তী বছরের ১ বৈশাখ হতে উক্ত বালুমহালের দখল ও সকল অধিকার স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক তথা সরকারের নিকট ন্যস্ত হবে।

২৩। দরপত্রের সাথে সংযুক্ত শর্তাবলী প্রতিপালনসহ বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ ও বিধিমালা, ২০১১ এর বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ এবং বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এ বর্ণিত সংশ্লিষ্ট শর্ত প্রতিপালন সাপেক্ষে বালু উত্তোলন করতে হবে। এর কোন ব্যত্যয় ঘটলে ইজারা বাতিলসহ ইজারাদারের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় অত্র কার্যক্রমের যে কোন পর্যায়ে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি পরিবর্তন/ পরিবর্ধন/ স্থগিত/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণসহ ইজারা বন্দোবস্তের আবেদন মঞ্জুর/ না-মঞ্জুর/ বাতিলের সুপারিশ/ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫।০২।২৫

মুমতাহিনা পৃথুলা
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া।
ফোন ঃ ০২৪৭৭৭৮২৬৭৭